দৈনিক ইত্তেফাক

JUL. 22 1999

তারিখ JUL. 22 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

6

# ৬ দফা দাবী আদায়ে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির আন্দোলনের কর্মসূচী ঘোষণা

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি সকল বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকুরী জাতীয়করণসহ ৬ দফা দাবী আদায়ে আগামী ৩ অক্টোবর থেকে সারাদেশের সকল বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া এবং ২৬ ও ২৭ সেপ্টেম্বর কেন্দ্রীয় শহীদ মিনারে গণঅবস্থান ও গণঅনশনের কর্মসূচী ঘোষণা করেছে।

গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবে সমিতির উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আন্দোলনের এ কর্মসূচী ঘোষণা করা হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সমিতির মহাসচিব মোহাম্মদ মনসুর আলী। বক্তব্য রাখেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি গোলাম মোহাম্মদ। সাংবাদিক সম্মেলনে সুলতান আহমেদ, আবদুস ছাত্তার ও তোফাজ্জল হোসেনসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে উত্থাপিত অপরাপর দাবীসমূহ হচ্ছে, জাতীয় বেতন স্কেলের শতকরা ১০০ ভাগ প্রদান। সরকারী প্রাথমিক শিক্ষকদের ন্যায় বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, টিফিন ভাতা এবং ইনক্রিমেন্ট ও টাইম স্কেল প্রদান। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুরূপ বেসরকারী প্রধান শিক্ষক ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের বেতন স্কেল প্রদান। কল্যাণ ট্রাস্ট অবিলম্বে কার্যকরকরণ এবং শিক্ষা বিষয়ক কমিটিতে সমিতির প্রতিনিধি নিয়োগ।